



UNIVERSITY OF DHAKA: Applications in prescribed form obtainable from the office of the Registrar, are invited from the Bangladesh nationals for filling up 01(one) permanent post of Assistant Professor in the Department of Botany. One more Lecturer may be appointed if Consequential vacancy arise.

Assistant Professor pay Scale of TK : 35,500-67,010/ and  
Lecturer Pay Scale of TK : 22,000-53,060/ (N.P-2015)

QUALIFICATIONS FOR ASSISTANT PROFESSOR: Candidates must have minimum first class or in case of CGPA 3.50 out of 4.00 in Honours and Master's degree in Botany or an equivalent degree from a foreign University with at least first divisions or in case of GPA 4.25 out of 5.00 in S.S.C. & H.S.C. Examinations. They should have at least 03 (three) years teaching and research experience in a University together with minimum 03 research publications in standard journals. The above requirements may be relaxed in case of those who have Ph.D degree. Experience and performance as a teacher as well as significant contribution to different areas of University activities specially in guiding the overall educational and co-curricular activities of the students will also be treated as qualifications. Preference may be given to those who have higher degree in **Plant Biotechnology**.

QUALIFICATIONS FOR LECTURER: Candidates must have minimum First Class or in case of CGPA 3.50 out of 4.00 in Honours and Master's degree in Botany with a minimum GPA 4.25 out of 5.00 in S.S.C. & H.S.C. Examinations. Other Qualifications being equal preference may be given those who have higher degrees.

Eight copies of application together with attested copies of certificates, testimonials and mark-sheets grade sheet along with a Pay Order/Bank Draft of the value of Tk. 750/-(seven hundred fifty) only, payable to the Registrar, should reach him on or before 19/07/2017. Candidates already in service must apply through proper channel.

স্বাক্ষর



ঢাকা বিশ্ববিদ্যালয় : উদ্ভিদ বিজ্ঞান বিভাগে ০১(এক)টি স্থায়ী সহকারী অধ্যাপক পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হইতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে এবং উক্ত পদ পূরণের ফলে তাৎক্ষণিকভাবে সৃষ্ট শূণ্য পদে ০১(এক) জন অস্থায়ী লেকচারার নিয়োগ করা যাইতে পারে।

সহকারী অধ্যাপক পদের বেতন স্কেল : ৩৫,৫০০-৬৭,০১০ টাকা এবং  
লেকচারার পদের বেতন স্কেল : ২২,০০০-৫৩,০৬০ টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

**সহকারী অধ্যাপক পদের জন্য যোগ্যতা :** প্রার্থীদের অবশ্যই এস.এস.সি এবং এইচ.এস.সি- পরীক্ষায় ন্যূনতম প্রথম বিভাগ অথবা জিপিএ এর ক্ষেত্রে স্কেল ৫.০০ এর মধ্যে ৪.২৫ সহ উদ্ভিদ বিজ্ঞান বিষয়ে স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় ন্যূনতম প্রথম শ্রেণী অথবা সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ প্রাপ্ত হইতে হইবে অথবা কোন বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে সমমানের ডিগ্রী প্রাপ্ত হইতে হইবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে তাহাদের কমপক্ষে ০৩ (তিন) বৎসরের শিক্ষাদান ও গবেষণার অভিজ্ঞতাসহ স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় কমপক্ষে ০৩ টি প্রকাশিত প্রবন্ধ থাকিতে হইবে। যাহাদের পি-এইচ.ডি. ডিগ্রী আছে তাহাদের ক্ষেত্রে উপরিউক্ত শর্তাবলী শিথিল করা যাইতে পারে। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করিয়া ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে। যাহাদের **Plant Biotechnology** বিষয়ে উচ্চতর ডিগ্রী আছে তাহাদের অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

**লেকচারার পদের জন্য যোগ্যতাঃ** প্রার্থীদের এস.এস.সি এবং এইচ.এস.সি- পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ সহ উদ্ভিদবিজ্ঞান বিষয়ে স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ প্রাপ্ত হইতে হইবে। অন্যান্য যোগ্যতা সমান থাকিলে উচ্চতর ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ টাকা ) টাকা মূল্যের পে- অর্ডার/ব্যাংক ড্রাফটসহ, ০৮(আট) কপি আবেদনপত্র রেজিস্ট্রারের নিকট পৌঁছাইতে হইবে। প্রত্যেক কপি আবেদনপত্রের সহিত সার্টিফিকেট, মার্কসীট/গ্রেড সীট, প্রশংসাপত্র ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৯/০৭/২০১৭। চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

স্বাক্ষর